গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা
www.ansarvdp.gov.bd

স্মারক নং- ৪৪.০৩.০০০০.০২৩.১৩.০৪০.২৪-১৫২৩, তারিখ: ২৪ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ / ০৮ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর 'চুক্তিভিত্তিক স্থপতি/উপসহকারী প্রকৌশলী (সিভিল/বিদ্যুৎ) নিয়োগ ও চাকুরী নীতিমালা-২০২৪'।

ভূমিকা: বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর টিওএ্যান্ডই ১৯৮২ সালে প্রণীত হয়। প্রণীত টিওএ্যান্ডই অনুযায়ী সদর দপ্তরের প্রকৌশল শাখায় বা অন্য কোন ইউনিটে স্থপতি/উপসহকারী প্রকৌশলী পদ নেই। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রকৌশল শাখা কর্তৃক বাহিনীর সকল প্রকার পূর্ত নির্মাণ, মেরামত ও সংস্কার এবং বৈদ্যুতিক কাজসমূহ বাস্তবায়ন করা হয়ে থাকে। বাহিনীর সদর দপ্তর, আনসার ও ভিডিপি একাডেমি, ৯টি রেঞ্জ, ৬৪টি জেলা, ৪২টি আনসার ব্যাটালিয়ন, ২টি ভিটিসি এবং সকল উপজেলা কার্যালয় এবং এসকল কার্যালয়সমূহের অধীন ইউনিটসমূহের পূর্ত নির্মাণ, মেরামত ও সংস্কার কাজ প্রতিনিয়ত বাস্তবায়ন করা হচ্ছে।

বাহিনীর পূর্ত নির্মাণ, মেরামত ও সংস্কার এবং বৈদ্যুতিক মেরামত কাজের ব্যাপকতা, পরিধি ও বরাদ্দ সময়ের সাথে উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে বরাদ্দ বিগত ৫ বছর পূর্বের বরাদ্দ অপেক্ষা প্রায় ৫গুন বৃদ্ধি পেয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে অন্যান্য ভবন ও স্থাপনা মেরামত খাত, অনাবাসিক খাত, আবাসিক খাত ও বৈদ্যুতিক খাতে প্রায় ১১০.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, বাহিনীর প্রকৌশল শাখা কর্তৃক সকল প্রকার পূর্ত নির্মাণ, মেরামত ও সংস্কার এবং বৈদ্যুতিক মেরামত খাতে বাস্তবায়িতব্য কাজসমূহের ড্রয়িং-ডিজাইন, প্রাক্কলন প্রস্তুত, সুষ্ঠু তদারকি, কাজের যথাযথ মান নিশ্চিত করণ, বরাদ্দকৃত অর্থের সুষ্ঠু ব্যয় ও সরকারী সম্পত্তির যথাযথ ব্যবহার নিশ্চিত করার নিমিত্তে 'চুক্তিভিত্তিক স্থপতি/উপসহকারী প্রকৌশলী (সিভিল/বিদ্যুৎ) নিয়োগ ও চাকুরী নীতিমালা-২০২৪' কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রণয়ন করা হলো।

## "চুক্তিভিত্তিক স্থপতি/উপসহকারী প্রকৌশলী (সিভিল/বিদ্যুৎ) নিয়োগ ও চাকুরী নীতিমালা-২০২৪"

১. **নাম/শিরোনাম:**

(ক) এই নীতিমালা বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর **"চুক্তিভিত্তিক স্থপতি/উপসহকারী প্রকৌশলী (সিভিল/বিদ্যুৎ) নিয়োগ ও চাকুরী নীতিমালা-২০২৪"** নামে অভিহিত হবে।

(খ) এ নীতিমালার সকল বিধান বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সকল চুক্তিভিত্তিক স্থপতি/উপসহকারী প্রকৌশলী (সিভিল/বিদ্যুৎ) এর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২. **সংজ্ঞা:**

(ক) নিয়োগকারী কর্তৃপক্ষ : বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালক মহোদয় কে বুঝাবে।

(খ) ইউনিট : সদর দপ্তর, একাডেমী, রেঞ্জ, জেলা, ব্যাটালিয়ন সদর দপ্তর, ভিটিসি, উপজেলা কে বুঝাবে।

৩. **নিয়োগ পদ্ধতি :**

(ক) এই নীতিমালা অনুসারে স্বচ্ছ প্রতিযোগিতা মূলক বাছাই এর মাধ্যমে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে;

(খ) এই নীতিমালা অনুসারে 'চুক্তিভিত্তিক স্থপতি' ৯ম গ্রেড সমমান পদ এবং 'চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলী (সিভিল/বিদ্যুৎ)' ১০ম গ্রেড সমমান পদ হিসেবে বিবেচিত হবে;

(গ) কোন ব্যক্তিকে ইতোপূর্বে চুক্তিভিত্তিক স্থপতি/উপসহকারী প্রকৌশলী (সিভিল/বিদ্যুৎ) হিসেবে নিয়োগ করা হয়ে থাকলে অথবা বাহিনীতে কর্মরত থাকলে তিনি উক্ত পদে অব্যাহতভাবে কর্মরত আছেন বলে ধরে নেওয়া হবে।

৪. **নিয়োগ কমিটি:**

চুক্তিভিত্তিক স্থপতি/উপসহকারী প্রকৌশলী (সিভিল/বিদ্যুৎ) নিয়োগের ক্ষেত্রে নিম্নবর্ণিত কমিটি ধারা-৩ এবং ধারা-৫ অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন।

| | |
|---|---|
| (ক) উপমহাপরিচালক (প্রশাসন) | - উপদেষ্টা |
| (খ) পরিচালক (রেকর্ড) | - সভাপতি |
| (গ) নির্বাহী প্রকৌশলী | - সদস্য |
| (ঘ) উপপরিচালক (যোগাযোগ) | - সদস্য |
| (ঙ) সহকারি পরিচালক (রেকর্ড) | - সদস্য সচিব |

কর্তৃপক্ষ প্রয়োজনে উপরোক্ত কমিটির সংখ্যা হ্রাস-বৃদ্ধি, পরিবর্ধন/পরিমার্জন করতে পারবেন।

৫. **নিয়োগ যোগ্যতা/অযোগ্যতা:**

**(ক) যোগ্যতা:**

**(১) চুক্তিভিত্তিক স্থপতি নিয়োগ এর ক্ষেত্রে নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবে।**

(i) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা বিএসসি-ইন-আর্কিটেকচার উত্তীর্ণ; তবে কোন পরীক্ষায় সিজিপিএ ৩.০০ এর নীচে গ্রহণযোগ্য নয়;

(ii) স্থাপত্য নকশা-ডিজাইন, ড্রয়িং ইত্যাদি সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে; তবে অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবে;

(iii) বয়স অনূর্ধ্ব ৪০ বছর; বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

**(২) চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলী (সিভিল/বিদ্যুৎ) নিয়োগ এর ক্ষেত্রে নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবে।**

(i) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (সিভিল/বিদ্যুৎ) উত্তীর্ণ; তবে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/সিজিপিএ ২.৫ এর নীচে গ্রহণযোগ্য নয়;

(ii) পূর্ত নির্মাণ, মেরামত ও ভবন সংশ্লিষ্ট কাজে নূন্যতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে; তবে অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবে;

(iii) বয়স অনুর্ধ্ব ৩৫ বছর; বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

**(খ) অযোগ্যতা:**

(i) যদি কোন প্রার্থী বাংলাদেশী নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন;

(ii) বাংলাদেশের নাগরিক নহে এরূপ কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ বন্ধনে অঙ্গীকারবদ্ধ হন;

(iii) সরকারী চাকুরী কিংবা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন;

(iv) পুলিশ ভেরিফিকেশন/নিরাপত্তা ছাড়পত্র এর ক্ষেত্রে অযোগ্য হলে।

**৬. চুক্তির মেয়াদকাল:**

(ক) এই নীতিমালা অনুযায়ী প্রথমবার যোগদানের ক্ষেত্রে চুক্তির মেয়াদকাল যোগদানের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বৎসর হবে; যাহা শিক্ষানবিশকাল হিসাবে গন্য হবে;

(খ) চুক্তিভিত্তিক স্থপতি/উপসহকারী প্রকৌশলীগণের চাকুরী সন্তোষজনক সাপেক্ষে শিক্ষানবিশকাল ব্যতিত পরবর্তী সকল চুক্তির মেয়াদকাল ০৫ (পাঁচ) বৎসর হবে;

(গ) চুক্তিভিত্তিক স্থপতি/উপসহকারী প্রকৌশলীগণের চাকুরী সন্তোষজনক সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষ চুক্তির মেয়াদ বৃদ্ধির অধিকার সংরক্ষণ করেন;

(ঘ) কোন ভাবে এই চাকুরী স্থায়ীকরন দাবী করা যাবেনা।

**৭. দায়িত্ব ও কর্তব্য:**

চুক্তিভিত্তিক স্থপতি/উপসহকারী প্রকৌশলীগণের দায়িত ও কর্তব্য নিম্নরূপ

**(ক) চুক্তিভিত্তিক স্থপতি:**

(i) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ইউনিটসমূহের পূর্ত, নির্মাণ কাজের আর্কিটেকচারাল ড্রয়িং প্রস্তুত করবেন;

(ii) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ইউনিটসমূহের পূর্ত, নির্মাণ কাজের 3-D নকশা প্রস্তুত করবেন;

(iii) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ইউনিটসমূহের পূর্ত, নির্মাণ, মেরামত ও সংস্কার কাজের বিস্তারিত নকশা/ওয়ার্কিং ড্রয়িং প্রস্তুত করবেন;

(iv) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ইউনিটসমূহের পূর্ত, নির্মাণ কাজের ইন্টেরিয়র নকশা প্রস্তুত করবেন;

(v) নির্বাহী প্রকৌশলী এর নির্দেশনা মোতাবেক বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর পূর্ত নির্মাণের নকশা সংক্রান্ত কাজে স্থাপত্য অধিদপ্তরসহ অন্যান্য অধিদপ্তরের সাথে সমন্বয় করবেন;

(vi) নির্বাহী প্রকৌশলী এর নির্দেশনা মোতাবেক বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ইউনিটসমূহের চলমান কাজ পরিদর্শন করবেন।

**(খ) চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলী (সিভিল):**

(i) নিয়ন্ত্রণকারী কর্মকর্তা এর দিক নির্দেশনায় সদর দপ্তর, একাডেমী ও রেঞ্জের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের ইউনিটসমূহের নির্মাণ, মেরামত ও সংস্কার কাজের প্রাক্কলন প্রস্তুত করবেন;

(ii) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের ইউনিটসমূহের নির্মাণ, মেরামত ও সংস্কার কাজের তদারকি করবেন;

(iii) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের ইউনিটসমূহের নির্মাণ, মেরামত ও সংস্কার কাজের চাহিদামালা প্রস্তুত করবেন;

(iv) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের ইউনিটসমূহের নির্মাণ, মেরামত ও সংস্কার কাজের চলতি/চূড়ান্ত বিল প্রস্তুত করবেন;

(v) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের ইউনিটসমূহের নির্মাণ, মেরামত ও সংস্কার কাজের অনুমোদিত ড্রইং অনুযায়ী কাজ বুঝে নিবেন;

(vi) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের ইউনিটসমূহের নির্মাণ, মেরামত ও সংস্কার কাজের পরিমাপ করবেন এবং এমবি বহিতে লিপিবদ্ধ করবেন;

(vii) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের ইউনিটসমূহের নির্মাণ, মেরামত ও সংস্কার কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুণগত মান বজায় রাখাতে তদারকি করবেন;

(viii) দরপত্র আহবানকৃত কাজের ড্রইং ও ডিজাইন অনুযায়ী লে-আউট প্রদানসহ কাজ বাস্তবায়নের প্রতিটি পর্যায়ে বাহিনীর প্রতিনিধি হিসেবে ঠিকাদারি প্রতিষ্ঠানকে কাজ বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করবেন;

(ix) দরপত্রের আইটেম অনুযায়ী হস্তান্তর-গ্রহণ সম্পন্ন করবেন;

(x) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের ইউনিটসমূহের পুরাতন স্থাপনা অকেজোকরণের ক্ষেত্রে সার্ভে রিপোর্ট প্রস্তুত করবেন।

(xi) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর চলমান প্রকল্পের মাঠ পর্যায়ের কাজে গণপূর্ত অধিদপ্তরের সাথে ইউনিট প্রধানের প্রতিনিধি হিসেবে সমন্বয় পূর্বক কাজে সহায়তা ও তদারকি করবেন।

**(গ) চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলী (বিদ্যুৎ):**

(i) নিয়ন্ত্রণকারী কর্মকর্তা এর দিক নির্দেশনায় সদর দপ্তর, একাডেমী ও রেঞ্জের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের ইউনিটসমূহের বৈদ্যুতিক মেরামত ও সংস্কার কাজের প্রাক্কলন প্রস্তুত করবেন;

(ii) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের ইউনিটসমূহের বৈদ্যুতিক মেরামত ও সংস্কার কাজের তদারকি করবেন;

(iii) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের ইউনিটসমূহের বৈদ্যুতিক মেরামত ও সংস্কার কাজের চাহিদামালা প্রস্তুত করবেন;

(iv) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের ইউনিটসমূহের বৈদ্যুতিক মেরামত ও সংস্কার কাজের চলতি/চূড়ান্ত বিল প্রস্তুত করবেন;

(v) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের ইউনিটসমূহের বৈদ্যুতিক মেরামত ও সংস্কার কাজের অনুমোদিত ড্রইং অনুযায়ী কাজ বুঝে নিবেন;

(vi) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের ইউনিটসমূহের বৈদ্যুতিক মেরামত ও সংস্কার কাজের পরিমাপ করবেন এবং এমবি বহিতে লিপিবদ্ধ করবেন;

(vii) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের ইউনিটসমূহের বৈদ্যুতিক মেরামত ও সংস্কার কাজে ব্যবহৃত সামগ্রীর গুণগত মান বজায় রাখাতে তদারকি করবেন;

(viii) দরপত্র আহবানকৃত কাজের বৈদ্যুতিক ড্রইং ও ডিজাইন প্রদান করবেন;

(ix) দরপত্রের আইটেম অনুযায়ী হস্তান্তর-গ্রহণ সম্পন্ন করবেন;

(x) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর চলমান প্রকল্পের মাঠ পর্যায়ের কাজে গণপূর্ত অধিদপ্তরের সাথে ইউনিট প্রধানের প্রতিনিধি হিসেবে সমন্বয় পূর্বক কাজে সহায়তা ও তদারকি করবেন।

৮. **বেতন-ভাতাদি ও অন্যান্য সুযোগ সুবিধাদি:**

**(ক) চুক্তিভিত্তিক স্থপতি** :

(i) বেতন সর্বসাকুল্যে ৫০০০০/- টাকা (মুল বেতন ৩০,০০০/- এবং অন্যান্য ভাতাদি ২০,০০০/-);

(ii) বাৎসরিক বেতন বৃদ্ধি মুল বেতনের ৫% হারে নির্ধারিত হবে;

(iii) মুল বেতনের সমপরিমাণ হারে ০২ (দুই) টি উৎসব ভাতা প্রাপ্য হবেন;

(iv) মুল বেতনের ২০% হারে বাংলা নববর্ষ ভাতা প্রাপ্য হবেন;

(v) প্রকৃত ভ্রমণ ভাতা অনুমোদন সাপেক্ষে প্রাপ্য হবেন;

(vi) মাসিক ৮০০/- (আটশত) হারে মোবাইল ফোন বিল প্রাপ্য হবেন;

(vii) আনসার ও ভিডিপির বিভাগীয় কল্যাণ তহবিলের সুবিধাদি প্রাপ্য হবেন।

**(খ) চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলী (সিভিল/বিদ্যুৎ):**

(i) বেতন সর্বসাকুল্যে ৩১,৫০০/- টাকা, (মুল বেতন ১৫,০০০/-, অন্যান্য ভাতা ১৫,০০০/- এবং ০১ (এক) ইউনিট রেশন সমপরিমান ভাতা ১৫০০/-);

(ii) অধিক অভিজ্ঞতা সম্পন্ন চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলীগণ সর্বসাকুল্যে বেতন-ভাতা ৩৬,৫০০/- (মুল বেতন ২০,০০০/-, অন্যান্য ভাতা ১৬,৫০০/-);

(iii) বাৎসরিক বেতন বৃদ্ধি মূল বেতনের ৫% হারে নির্ধারিত হবে;

(iv) মূল বেতনের সমপরিমাণ হারে ০২ (দুই) টি উৎসব ভাতা প্রাপ্য হবেন;

(v) মুল বেতনের ২০% হারে বাংলা নববর্ষ ভাতা প্রাপ্য হবেন;

(vi) প্রকৃত ভ্রমণ ভাতা অনুমোদন সাপেক্ষে প্রাপ্য হবেন;

(vii) মাসিক ৫০০ (পাঁচশত) হারে মোবাইল ফোন বিল প্রাপ্য হবেন;

(viii) আনসার ও ভিডিপির বিভাগীয় কল্যাণ তহবিলের সুবিধাদি প্রাপ্য হবেন।

৯. **ছুটি:**

এই নীতিমালা অনুযায়ী চুক্তিভিত্তিক স্থপতি/উপসহকারী প্রকৌশলী (সিভিল/বিদ্যুৎ) এর ক্ষেত্রে নিম্নোক্ত ছুটির বিধানাবলী কার্যকর হবে।

(ক) নির্বাহী আদেশে সরকার কর্তৃক ঘোষিত ছুটিসমূহ;
(খ) নৈমিত্তিক ছুটি বাৎসরিক ২০ (বিশ) দিন;
(গ) চিকিৎসাজনিত ছুটি ৩০ (ত্রিশ) দিন। তবে প্রয়োজনে চিকিৎসকের যথোপযুক্ত সনদ দাখিল এবং অধিদপ্তরের চিকিৎসক এর অনুমোদন সাপেক্ষে আরোও ৩০ (ত্রিশ) দিন ছুটি প্রাপ্য হবেন।

১০. **পদত্যাগ ও অপসারন:**

এই নীতিমালা অনুযায়ী চুক্তিভিত্তিক স্থপতি/উপসহকারী প্রকৌশলীগণের (সিভিল/বিদ্যুৎ) পদত্যাগ ও অপসারনের ক্ষেত্রে নিম্নোক্ত বিধানাবলী কার্যকর হবে।

**(ক) পদত্যাগ:** কোন চুক্তিভিত্তিক স্থপতি/উপসহকারী প্রকৌশলী (সিভিল/বিদ্যুৎ) স্বেচ্ছায় ৬০ (ষাট) দিনের আগাম নোটিশে চাকুরী হতে অব্যহতি গ্রহণ করতে পারবেন;

**(খ) অপসারন:** উপযুক্ত কারণ উল্লেখ্য পূর্বক কর্তৃপক্ষ চাইলে ৬০ (ষাট) দিনের আগাম নোটিশে চাকুরী হতে অপসারণ করতে পারবেন। অথবা ০২ (দুই) মাসের সর্বসাকুল্যে বেতন প্রদান করে তাৎক্ষণিক অপসারণ করা যাবে।

১১. **শাস্তি:**

চাকুরীর শৃংখলা ভঙ্গ এবং অন্যান্য অসদাচারণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটির তদন্তের ভিত্তিতে নিয়োগকারী কর্তৃপক্ষ নিম্নবর্ণিত শাস্তি প্রদান করতে পারবেন।

(ক) তিরস্কার;
(খ) প্রয়োজনীয় সংখ্যক দিন/মাসের বেতন কর্তন;
(গ) চাকুরী হতে অপসারন।

১২. **নীতিমালাটি নিয়োগ কমিটির সভায় হুবহু/সংশোধিত/পরিবর্তিতভাবে অনুমোদিত হবার পর নির্ধারিত তারিখ থেকে কার্যকর হবে।**

- **এই নীতিমালায় সুস্পষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সময় সময় জারীকৃত বিধিবিধান ও আদেশ এবং ভবিষ্যতে প্রণীতব্য বিধিবিধান ও আদেশ প্রযোজ্য হবে।**
- **কর্তৃপক্ষ প্রয়োজনে এই নীতিমালা সংশোধন, সংযোজন, বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করেন।**

**কর্নেল তসলিম এহসান,** (বিবিজিএম, পিএসসি)
**উপমহাপরিচালক (প্রশাসন)**
**সদর দপ্তর বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী**
**খিলগাঁও, ঢাকা।**